



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
উপজেলা-২ শাখা
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

নম্বর- ৪৬.০০.০০০০.০৪৫.২৭.০১৬.২০-১২১

তারিখ: ০৫ ফাল্গুন ১৪২৭
১৮ ফেব্রুয়ারি ২০২১

প্রজ্ঞাপন

যেহেতু লক্ষ্মীপুর জেলার রামগতি উপজেলা পরিষদের চেয়ারম্যান জনাব শরাফ উদ্দিন আজাদ এর বিরুদ্ধে অবৈধভাবে গাছ কাটা এবং কুকুরের কামড়ের ভ্যাকসিন যথাযথভাবে সরবরাহ না করা সংক্রান্ত অভিযোগ ২টি প্রমাণিত হয়; এবং

যেহেতু উপজেলা পরিষদ আইন-১৯৯৮ [উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত] এর ১৩(১)(খ) ও ১৩(১)(গ) ধারা লংঘিত হয়েছে; এবং


যেহেতু তার বিরুদ্ধে দাখিলকৃত অনাস্থা প্রস্তাবের উপর গৃহীত ভোট গণনায় পরিষদের ভাইস চেয়ারম্যানসহ ১২ জন পরিষদ সদস্য অর্থাৎ পরিষদের চার-পঞ্চমাংশ সদস্য কর্তৃক অনাস্থা প্রস্তাবের পক্ষে ভোট গৃহীত হয়;

সেহেতু সরকার জনস্বার্থে তাকে তার স্থায় পদ হতে অপসারণ করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

এমতাবস্থায়, লক্ষ্মীপুর জেলার রামগতি উপজেলা পরিষদের চেয়ারম্যান জনাব শরাফ উদ্দিন আজাদ কর্তৃক অবৈধভাবে গাছ কাটা এবং কুকুরের কামড়ের ভ্যাকসিন যথাযথভাবে সরবরাহ না করার বিষয়টি বিভাগীয় কমিশনারের তদন্তে প্রমাণিত হওয়ায় এবং উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যানসহ ১২ জন পরিষদ সদস্য অর্থাৎ পরিষদের চার-পঞ্চমাংশ সদস্য কর্তৃক অনাস্থা প্রস্তাব গৃহীত হওয়ায় উপজেলা পরিষদ আইন-১৯৯৮ [উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত] এর ১৩(২) ধারা ও ১৩ক ধারার (১৩) উপধারা এবং উপজেলা পরিষদ সদস্য ও মহিলা সদস্যদের (অপসারণ, অনাস্থা ও পদ-শূন্যতা) বিধিমালা, ২০১৬ মোতাবেক তাকে স্থায় পদ হতে অপসারণ করে পদটি শূন্য ঘোষণা করা হলো এবং রামগতি উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান ও প্যানেল চেয়ারম্যান-১ জনাব মো: রাহিদ হোসেন-কে উপজেলা পরিষদের কার্যক্রম পরিচালনার জন্য পরিষদের আর্থিক ক্ষমতা প্রদান করা হলো।

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,


(মোহাম্মদ সামছুল হক)

উপসচিব

ফোন: ৯৫৭৭২৩০


e-mail: lgd.upazila2@gmail.com

নম্বর- ৪৬.০০.০০০০.০৪৫.২৭.০১৬.২০-১২১/১(১৪)

তারিখ: ০৫ ফাল্গুন ১৪২৭
১৮ ফেব্রুয়ারি ২০২১

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম।
- ৩। পরিচালক, স্থানীয় সরকার, চট্টগ্রাম।
- ৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। জেলা প্রশাসক, লক্ষ্মীপুর।
- ৬। উপপরিচালক, স্থানীয় সরকার, লক্ষ্মীপুর।
- ৭। উপপরিচালক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশ করে গেজেটের ৩০ (ত্রিশ) কপি স্থানীয় সরকার বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।
- ৮। উপজেলা নির্বাহী অফিসার, রামগতি, লক্ষ্মীপুর।
- ৯। সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১০। ভাইস চেয়ারম্যান/ভাইস চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদ, রামগতি, লক্ষ্মীপুর।
- ১১। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, লক্ষ্মীপুর/উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, রামগতি, লক্ষ্মীপুর।
- ১২। জনাব মো: রাহিদ হোসেন, ভাইস চেয়ারম্যান ও প্যানেল চেয়ারম্যান-১, উপজেলা পরিষদ, রামগতি, লক্ষ্মীপুর।
- ১৩। জনাব শরাফ উদ্দিন আজাদ, চেয়ারম্যান (অপসারণকৃত), উপজেলা পরিষদ, রামগতি, লক্ষ্মীপুর।
- ১৪। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (প্রজ্ঞাপনটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।


(মোহাম্মদ সামছুল হক)
উপসচিব